23

দৈনিক ইনকিলাব

তারিখ 29 AUG 1994
পৃষ্ঠা ৫ কলাম ৩

চিঠিপত্র

## শিক্ষা বোর্ড কর্তৃপক্ষ সমীপে—

দেশে এই প্রথমবারের মত অনুষ্ঠিত হলো কম্পিউটারাইজ পদ্ধতিতে এসএসসি এবং এইচএসসি পরীক্ষা। উত্তরপত্রের সঠিক মূল্যায়নের জন্যই এই পদ্ধতির ব্যবস্থা নেয়া হয়েছে। কিন্তু সংশ্লিষ্ট কর্তৃপক্ষ বলেছেন, "পরীক্ষায় উত্তরপত্রের কোন অংশে পরীক্ষার্থীর পরিচিতিমূলক কোন তথ্য পাওয়া গেলে সেই উত্তরপত্র কোনক্রমেই মূল্যায়ন করা হবে না।" কিন্তু দেখা যায়, প্রতি বছরই এসএসসি এবং এইচএসসি পরীক্ষায় বাংলা ২য় ও ইংরেজী ১ম পত্রের প্রশ্নে স্কুল-কলেজ প্রধানের বরাবরে একখানি দরখাস্ত লেখার জন্য বলা হয়। তাই স্বভাবতঃই একজন পরীক্ষার্থী উত্তরপত্রে তার নিজ নাম, নিজ স্কুল-কলেজ-এর নাম ও স্থান উল্লেখ করে দরখাস্ত লিখবে। তাহলে এটা তো একজন ছাত্রের পরিচিতিমূলক তথ্য। আর তখন কোন পরীক্ষক সেই উত্তরপত্র দেখেই বুঝতে পারবেন, কোন্ কলেজের খাতা। এখন এই অবস্থায় উক্ত উত্তরপত্র মূল্যায়ন করা হবে কিনা—কর্তৃপক্ষ তা বলেননি।

অতএব, এ ব্যাপারে প্রয়োজনীয় ব্যাখ্যা প্রদান ও বিকল্প ব্যবস্থা নেয়ার জন্য শিক্ষামন্ত্রী ও শিক্ষা বোর্ড কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করছি।

—মোঃ টিপু সুলতান ফরাজী,
জুয়েল স্টোর,
৪৪৫, আইস ফ্যাক্টরী রোড,
চট্টগ্রাম।